

## ঢাবির 'ক' ও 'চ' ইউনিটের ফল আজ

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

২০ অক্টোবর ২০১৯ ০০:০০ | আপডেট: ২০ অক্টোবর ২০১৯ ০০:১৯



দৈনিক  
আমাদেরসময়

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০ শিক্ষাবর্ষের বিজ্ঞান অনুষদভুক্ত ক-ইউনিট এবং চারুকলা অনুষদভুক্ত চ-ইউনিটের প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ করা হবে আজ। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মো. আখতারুজ্জামান দুপুরে আনুষ্ঠানিকভাবে এই দুই ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ করবেন। গতকাল বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। গত ২০ সেপ্টেম্বর ক-ইউনিটের ভর্তি পরীক্ষা এবং ১৪ সেপ্টেম্বর চ-ইউনিটের ভর্তি পরীক্ষার সাধারণ জ্ঞান অংশ ও ২৮ সেপ্টেম্বর অঙ্কন অংশের পরীক্ষা অনুষ্ঠিত হয়।